



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা
(জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শাখা)
www.rangamati.gov.bd



জেলা ইনোভেশন টিম, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ মামুন
তারিখ	:	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাঙ্গামাটি পার্বত্য জেলা
সময়	:	২৩ মে, ২০২১ খ্রিস্টাব্দ
স্থান	:	দুপুর ১২.৪৫ টা
উপস্থিতি সদস্যবৃন্দ	:	জুম অনলাইন প্ল্যাটফর্ম
	:	পরিশিষ্ট-ক

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

- ১। অতঃপর গত ২৫/০৪/২০২১ তারিখে জেলা ইনোভেশন টিম, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে কোন সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়।
- ২। গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং আলোচ্যসূচি অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়/আলোচনা	সিদ্ধান্ত/বাস্তবায়ন
০১.	<p>জেলার সরকারি দপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত:</p> <p>সহকারী কমিশনার (আইসিটি) ও সদস্য, জেলা ইনোভেশন টিম জেলা পর্যায়ে বিভিন্ন দপ্তর ও উপজেলা পর্যায়ে থেকে বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম মহোদয়ের কার্যালয়ে প্রেরণের নিমিত্ত প্রাপ্ত উদ্যোগসমূহ সভায় উপস্থাপন করেন। সভায় উদ্যোগসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>উদ্ভাবনী উদ্যোগ প্রেরণকারী দপ্তরসমূহের কর্মকর্তাগণকে সভার পক্ষ হতে ধন্যবাদ প্রদান করা হয় এবং গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি এ কার্যালয়কে অবহিত করার জন্য সভার পক্ষ থেকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান</p> <p>বাস্তবায়নে:</p> <ol style="list-style-type: none">০১। জেলা পর্যায়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহ০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)০৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জেলা কার্যালয়, রাঙ্গামাটি
০২.	<p>বিভিন্ন দপ্তর কর্তৃক গৃহীত এবং বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগ পর্যালোচনা:</p> <p>উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাঙ্গামাটি কর্তৃক গৃহীত উদ্ভাবনী উদ্যোগটির অগ্রগতি বিষয়টি সভায় উপস্থাপন করেন। উদ্যোগটির বিষয়ে এবং সরকারি সকল দপ্তরের উদ্ভাবনী পরিকল্পনা প্রেরণ করার জন্য অনুরোধ জানিয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>সভার পক্ষ থেকে এ ধরনের একটি যুগোপযোগী উদ্যোগ গ্রহণ করায় উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাঙ্গামাটিকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং উদ্যোগটি বাস্তবায়নের প্রাথমিক ধাপ হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, ভারপ্রাপ্ত কর্মকর্তা ও জরুরি সেবা হটলাইন নম্বর ৩৩৩, ৯৯৯ ও ১০৯ যুক্ত ছোট স্টিকার ছাপিয়ে তা শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কক্ষের ব্ল্যাকবোর্ডের পাশে লাগানোর জন্য উদ্যোগ গ্রহণ এবং উক্ত উদ্যোগ বাস্তবায়নে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের জন্য জেলা শিক্ষা অফিসারকে এবং অন্যান্য সকল দপ্তরের উদ্ভাবনী পরিকল্পনা প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>বাস্তবায়নে:</p> <ol style="list-style-type: none">১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাঙ্গামাটি২। জেলা শিক্ষা অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা৩। সংশ্লিষ্ট সকল

ক্রমিক	আলোচ্য বিষয়/আলোচনা	সিদ্ধান্ত/বাস্তবায়ন
০৩.	<p>জেলা প্রশাসন হতে গৃহীত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্তঃ</p> <p>সভাপতি উপস্থিত সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাঙ্গামাটিকে বিগত সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক জেলা প্রশাসন কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহের অগ্রগতি জানানোর জন্য অনুরোধ জানানো হলে সহকারী প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, রাঙ্গামাটি পার্ক এর দৃষ্টিনন্দন ডাইনামিক ওয়েব সাইট তৈরির কার্যক্রমটি চলমান রয়েছে। ওয়েব সাইটটি হালনাগাদ করণে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের বিষয়ে সভায় আলোচনা হয়। সাইটটি আগামী ১০ দিনের মধ্যে কাজটি উদ্বোধন উপযোগী হবে এবং ডিজিটাল হাব ব্যবস্থাপনা সিস্টেমটি ইতোমধ্যে সিংহভাগ কাজ সম্পাদন করা হয়েছে। অবশিষ্ট কাজ অতিশীঘ্রই শেষ করার পরিকল্পনা গ্রহণ করে কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ কার্যক্রম সমূহ বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারকে নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণের পুনরায় অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>বাস্তবায়নে:</p> <p>১। প্রোগ্রামার</p> <p>২। সহকারী প্রোগ্রামার (সকল)</p> <p>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা</p>
০৪.	<p>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় গঠিত ইনোভেশন টিম সংক্রান্তঃ</p> <p>উপজেলা উদ্ভাবনী কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক গঠিত জেলা ও উপজেলা ইনোভেশন টিমের কার্যক্রম সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>উপজেলা পর্যায়ে নিয়মিত ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান এবং বিভিন্ন সরকারি সেবা যাতে জনগণ সহজেই পেতে পারে এ সংক্রান্ত নতুন নতুন ইনোভেশন উদ্যোগ গ্রহণসহ যাবতীয় কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>বাস্তবায়নে:</p> <p>উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা।</p>

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও সকলের এবং সুস্থতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৪/৬
১৩.০৫.২০২৩

(মোঃ মামুন)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

ও

জেলা ইনোভেশন অফিসার

রাঙ্গামাটি পার্বত্য জেলা


স্মারক নম্বর: ০৫.৪২.৮৪০০.২১৬.০৬.০২২.২১- ৫৯,

তারিখ: ৩২/০৫/২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, ঢাকা
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৪। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
- ০৫। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা

- ০৬। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
- ০৭। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০৯। সিভিল সার্জন, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ১১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর/ কাউখালী/ কাপ্তাই/ রাজস্থলী/ বিলাইছড়ি/ জুরাছড়ি/ বরকল/ নানিয়ারচর/ লংগতু/ বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ১৩।, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ১৪। নেজারত ডেপুটি কালেক্টর, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ১৫। সহকারী কমিশনার,, এ কার্যালয়
- ১৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ১৭। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা


৩২.০৫.২০১৩

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
রাঙ্গামাটি পার্বত্য জেলা